**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:17-07-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Nomination :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের ১৭টি আসনে গতকাল বিজেপি প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিয়েছেন। ইতিপূর্বে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সতেরোটি আসনের মধ্যে সিপিএম ১৭টিতে, কংগ্রেস ৫টি ও নির্দল প্রার্থী ১টি আসনে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

খোয়াই পঞ্চায়েত সমিতির মোট ১৩টি আসনে গতকাল বিজেপি প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন। রিটার্নিং অফিসার তথা খোয়াই ব্লক আধিকারিক অভিজিৎ দাসের কাছে তারা মনোনয়ন পত্র জমা দেন।

ঊনকোটি জেলার গৌরনগর ব্লকে গতকাল বিজেপি মনোনীত প্রার্থীরা তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। এদিকে রিটার্নিং অফিসার তথা গৌরনগর ব্লকের বিডিও প্রনয় দাস জানান, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

গোমতি জিলা পরিষদের ১৩টি আসনে বিজেপি প্রার্থীরা গতকাল মনোনয়নপত্র জমা দিয়েছেন। মনোনয়নপত্র জমা দেওয়ার সময় প্রার্থীদের সঙ্গে ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, তিন বিধায়ক

অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার ও রামপদ জমাতিয়া প্রমুখ।

ধলাই জিলা পরিষদের নয়টি আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিজেপি প্রার্থীরা গতকাল জেলা নির্বাচন আধিকারিক সাজু ওয়াহিদ এ 'র কাছে মনোনয়নপত্র দাখিল করেন।

সিপাহীজলা জিলা পরিষদ নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতার জন্য গতকাল মোট ১৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এরমধ্যে ১৪ জন বিজেপি প্রার্থী ও ১ জন কংগ্রেস প্রার্থী।

বামুটিয়া ব্লক এলাকার ১০টি পঞ্চায়েতে বিজেপি মনোনীত প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিয়েছেন। আগামীকাল পঞ্চায়েত সমিতি এবং জিলা পরিষদের প্রার্থীরা মনোনয়নপত্র জমা করবেন।

*******************************

**Central Force :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠু এবং ভয়মুক্ত পরিবেশে সম্পন্ন করতে গতকাল বিকেলে বহি রাজ্য থেকে বিশেষ ট্রেনে ধর্মনগরে এসে পৌছেছে দুই কোম্পানি কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী। উত্তর জেলার পুলিশ সুপার এই খবর জানিয়েছেন।

*****************************

**Gandatwisa :**

গন্ডাতুইসা মহকুমায় সাম্প্রতিক অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার ক্ষতিগ্রস্তদের জন্য আর্থিক সহায়তা বরাদ্দ করেছে। রাজ্য সরকারের পক্ষ থেকে মৃত পরমেশ্বর রিয়াংয়ের পিতা খড়গরাম রিয়াংকে ৬ লক্ষ টাকা আর্থিক সহায়তার অনুমোদন

দেওয়া হয়েছে। পাশাপাশি এই ঘটনায় ১৬৫টি ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য রাজ্য সরকার ১ কোটি ৫৪ লক্ষ টাকা আর্থিক সহায়তা বরাদ্দ করেছে। ইতিমধ্যেই অন্তর্বর্তীকালীন সহায়তা হিসেবে জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্তদের ২৫ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি, দোকানপাট এবং অন্যান্য সম্পত্তির ক্ষয়ক্ষতি নিরূপণের প্রক্রিয়া চলছে এবং শীঘ্রই এই প্রক্রিয়া শেষে অবশিষ্ট আর্থিক সহায়তা দেওয়া হবে। অন্যদিকে, ত্রাণ শিবিরে অবস্থানরতদের প্রয়োজনীয় সুবিধা প্রদানের পাশাপাশি নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করার জন্য স্বাস্থ্য শিবিরের ব্যবস্থা করা হয়েছে। গতকাল ধলাই জেলার জেলাশাসক এবং পুলিশ সুপার গন্ডাতুইসা পরিদর্শন করেন। জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, দোকানপাট ও বাজার-হাট স্বাভাবিকভাবেই খোলা রয়েছে এবং পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হচ্ছে।

**************************

**Agri Minister :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান নতুনদিল্লিতে ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চের ৯৬তম প্রতিষ্ঠা দিবসের উদ্বোধন করে বলেছেন যে উৎপাদনের পরিমাণ বাড়াতে বিজ্ঞানীদের সরাসরি কৃষকদের সঙ্গে যোগাযোগ করতে হবে। তিনি বলেন, কৃষকদের আয় দ্বিগুণ করা সহ সরকারের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়, কলেজ, কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে শুরু করে কৃষিজমি পর্যন্ত কৃষির প্রতিটি উপাদানকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি বলেন, দেশের অর্ধেক মানুষ কৃষির উপর নির্ভরশীল এবং কৃষিক্ষেত্র সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার।

*************************

**All Party Meeting :**

সংসদের বাজেট অধিবেশন উপলক্ষে সরকার আগামী রবিবার সর্বদলীয় বৈঠক ডেকেছে। বৈঠকে সংসদের উভয় কক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার সব রাজনৈতিক দলের সহযোগিতা চাইবে। ২২শে জুলাই থেকে ১২ই আগস্ট পর্যন্ত বাজেট অধিবেশন চলবে। ২৩শে জুলাই কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে। এটি হবে নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় মেয়াদে প্রথম বাজেট।

***************************

**Forest minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা গতকাল নাগিছড়ায় হর্টিকালচার রিসার্চ কমপ্লেক্স পরিদর্শন করেন। তিনি বলেন এই গবেষণা কেন্দ্র থেকে রাজ্যের কৃষকরা সবচেয়ে বেশি লাভবান হতে পারবেন। ভবিষ্যতে রাজ্যের কৃষি ও উদ্যান বিভাগকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রেও এই গবেষণা কেন্দ্রটি বড় ভুমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। আগামীদিনে পাহাড়ী এলাকায় কৃষি ভিত্তিক ফসল উৎপাদনের বিষয়ে তিনি বিজ্ঞানী ও আধিকারিকদের সঙ্গে কথা বলেন। কৃষকরা যাতে উৎপাদনের পাশাপাশি আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারেন সেই বিষয়ের উপরও জোর দেন তিনি।

****************************

**N F Railway :**

যাত্রীদের আরামদায়ক এবং স্বাস্থ্যকর ট্রেন যাত্রায় পর্যাপ্ত সুবিধা প্রদানের লক্ষ্যে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে উত্তরপূর্ব সীমান্ত

রেলওয়ে। নিজের অধিক্ষেত্র থেকে যাত্রাকারী অধিকাংশ ট্রেনে অনবোর্ড হাউসকিপিং পরিষেবা (ওবিএইচএস) চালু করেছে। রেলওয়ে চত্বর এবং ট্রেনের কোচগুলিতে পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য আধুনিক যন্ত্রপাতি দ্বারা বিভিন্ন পরিবেশ-বান্ধব প্রচেষ্টা এবং ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে। ওবিএইচএস-এর অধীনে কোচগুলি যাত্রার পর দিনে দুবার বাধ্যতামূলকভাবে পরিষ্কার করা হয়ে থাকে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে ইতিমধ্যেই ৬৩ জোড়া ট্রেনে ওবিএইচএস সেবা চালু করেছে বলে জানিয়েছেন উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে।

*************************

**Rail Stop :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিলোনিয়া রেল ষ্টেশনে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনটিকে দাঁড় করাতে বা স্টপেজ দিতে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে গতকাল এক চিঠিতে অনুরোধ জানিয়েছেন। মন্ত্রী শ্রী চৌধুরী সাব্রুম পর্যন্ত কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেন চালানোর জন্য কেন্দ্রীয় রেলমন্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি উল্লেখ করেন, দক্ষিণ জেলার সদর দপ্তর বিলোনিয়ায় স্টপেজ দিলে সব অংশের রেল যাত্রীদের সুবিধা হবে।

******************************

**Weather :**

আজ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ সকালে তাপমাত্রা ছিল

২৬.২ ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

****************************